**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**12 January 2026** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে আয়োজিত বিকশিত ভারত যুব নেতা আলোচনা-২০২৬-এর সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখবেন । চারদিনব্যাপী আয়োজিত এই অনুষ্ঠানে সমগ্র দেশের আড়াই হাজারের অধিক যুবক-যুবতী অংশ গ্রহণ করছে । ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ( ইসরোর ) মহাকাচারী গ্রুপ কেপ্টেন সুভাংশু শুক্লা এবং গ্রুপ কেপ্টেন প্রশান্ত নায়ার ভারত যুব নেতা আলোচনা অংশগ্রহনকারীদের সঙ্গে মত বিনিময় করেছেন ।

---

আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা - এ ডি আর ই তে উত্তীর্ণ ২৯২ জন চা - জনগোষ্ঠির প্রার্থীকে আজ নিযুক্তিপত্র প্রদান করা হবে । আজ গুয়াহাটী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে প্রার্থীদেরকে নিযুক্তিপত্র প্রদান করা হবে । উল্লেখ্য এ ডি আর ই তে উত্তীর্ণ তৃতীয় শ্রেণীর ৬ হাজার ৩৪৭ জন প্রার্থীকে গত শনিবার সরুসজাইর অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে নিযুক্তিপত্র প্রদান করা হয় । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা

এই নিযুক্তি পত্র বিতরণ করে প্রার্থীদেরকে কোন অবস্থাতেই দূর্নীতির আশ্রয় না নেবার আহ্বান জানান । আগামী ১০ ফেব্রুয়ারীর পূর্বে সব নিযুক্তি সম্পন্ন হবে বলেও মুখ্যমন্ত্রী ঘোষণা করেন ।

---

আসাম থেকে অন্য রাজ্যে কাজ করতে যাওয়া রাজ্যের শ্রমিকদের সুরক্ষার স্বার্থে শীঘ্রই একটি পোর্টাল খুলা হবে । এই পোর্টালে বাইরের রাজ্যে যাওয়া শ্রমিকদের বিস্তারিত তথ্য অর্ন্তভূক্ত করা হবে । শ্রম বিভাগ সূত্রে জানানো হয়েছে যে বাইরের রাজ্যে যাওয়া শ্রমিকরা সাধারনত কোনো কতৃপক্ষকে অবগত করে না ও বিপদে পড়লে শ্রমিকদের পরিবারবর্গ সরকারী সাহায্য চায় । এদিকে সরকারের হাতে বাইরের রাজ্যে কাজ করতে যাওয়া
শ্রমিকদের সঠিক কোনো সংখ্যা থাকে না । একথা বিবেচনা করেই রাজ্যের শ্রম বিভাগ বাইরের বর্হি রাজ্যে কাজ করতে যাওয়া শ্রমিকদের জন্য পোর্টাল খোলার সিদ্ধান্ত নিয়েছে । এই পোর্টালে শ্রমিকদের থাকার স্থান , কর্মসংস্থান প্রদানকারী প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য অর্ন্তভূক্ত করা হবে ।

---

রাজ্যে শীঘ্রই বৃহত্তর পরিসরে ধামাইলকে তুলে ধরা হবে এবং ধামাইল নৃত্যকে বিশ্বের দরবারে পৌছে দেওয়ার জন্য অসম সরকারের পরিকল্পনাও রয়েছে । বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল ফুলেরতলের মাল্টিপারপাস ভবনে আয়োজিত ধামাইল নৃত্য ও ধামাইল কন্যা প্রতিযোগীতায় মূখ্য অতিথি হিসেবে অংশ নিয়ে একথা বলেন ।

উল্লেখ্য লক্ষীপুর সমজেলা ভিত্তিক ধামাইল নৃত্য ও ধামাইল কন্যা প্রতিযোগীতা গতকাল ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে সম্পন্ন হয়েছে । ধামাইল উৎসবে মোট ৮টি দল অংশ গ্রহন করে ।  সমবেত ধামাইল নৃত্যে দলগত ভাবে নৃত্যাঙ্গন ধামাইল সংস্থা প্রথম , শ্রীদূর্গা ধামাইল সংঘ দ্বিতীয় এবং বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের লক্ষীপুর আঞ্চলিক সমিতি তৃতীয় স্থান লাভ করেছে । এছাড়া ধামাইল কন্যা প্রতিযোগীতায় ঈশিতা রাউত প্রথম , জয়া তালুকদার দ্বিতীয় এবং রুমা দাস তৃতীয় স্থান দখল করেছে ।

---

আজ জাতীয় যুব দিবস । স্বামী বিবেকানন্দের জন্ম জয়ন্তী । সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে জাতীয় যুব দিবস পালন করা হচ্ছে । এদিকে শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের উদ্যোগে আজ জাতীয় যুব দিবস উপলক্ষ্যে একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে সদরঘাটে স্বামীজীর প্রতিকৃতিতে গিয়ে শ্রদ্ধা জানাবে । এই শোভাযাত্রায় নতুনপট্টি মায়ের বাড়ি সহ সারদা সঙ্ঘের অন্যান্য শাখা, বিভিন্ন সংস্থা-সংগঠনের পাশাপাশি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহন করছে ।

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব আজ জাতীয় যুব দিবস উপলক্ষ্যে স্বামী বিবেকানন্দের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেছেন স্বামীজির আর্দশ যুব সমাজকে চির উদ্বুদ্ধ করে রাখবে ।

---

চলতি বছরের ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগীতার ট্রফি আগামীকাল প্রথমবারের জন্য গুয়াহাটীতে আনা হবে । ক্রীড়া মন্ত্রী নন্দিতা

গালোসা জানান যে রাজ্য সরকারের ক্রীড়াবিভাগ বিশ্বকাপের ট্রফিকে স্বাগত জানানোর জন্য বিশেষ অনুষ্ঠানের আয়োজন করছে । বিমানবন্দর থেকে ট্রফি সরুসাজাই ষ্টেডিয়াম পর্যন্ত ও বিকেল তিনটের সময় বর্ষাপারা ষ্টেডিয়ামে আনা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জনসাধারণের জন্য ট্রফি প্রকাশ করবেন ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর অনন্তের বাবস্থাপনায় আজ  চেংকুড়ি গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত ৬৯০ নম্বর বোয়ালজুড়মুখ প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

---